দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 NOV 1998
পৃষ্ঠা 7 কলাম 2

সংসদে শিক্ষামন্ত্রী

# জাবি'র ছাত্রী ধর্ষণের ঘটনায় দোষীদের আরও কঠোর শাস্তি পাওয়া উচিত

**সংসদ রিপোর্টার** ॥ শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক মনে করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ধর্ষণের ঘটনায় দোষী ছাত্রদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে শাস্তি দিয়েছে তা যথেষ্ট নয়, এই গর্হিত অপরাধের জন্য তাদের আরও কঠোর শাস্তি পাওয়া উচিত। ধর্ষিত ছাত্রীদের পরিবারবর্গের পক্ষ থেকে এ ব্যাপারে আদালতে ক্রিমিনাল কেস করা হলে সরকার এসব মামলা এগিয়ে নিতে সাহায্য করবে বলেও তিনি প্রতিশ্রুতি দেন।

বুধবার সংসদে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আদেশ ১৯৭৩ সংশোধনের লক্ষ্যে আনীত বিলের ওপর আলোচনায় বিরোধীদলীয় সদস্যরা বিশ্ববিদ্যালয়গুলোতে কি হচ্ছে বলতে গিয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ধর্ষণের কথা উল্লেখ করলে জবাবে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। মঞ্জুরি কমিশনের

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## জাবির ছাত্রী ধর্ষণের

(প্রথম পাতার পর)

সদস্য সংখ্যা বৃদ্ধি সংক্রান্ত বিলটি পরে কণ্ঠভোটে পাস হয়। বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে বিএনপির মেজর (অব) হাফিজ, মশিউর রহমান; অধ্যাপক শহীদুল ইসলাম, জাতীয় পার্টির জুলফিকার আলী ভুট্টো, গোলাম ফারুক অভি প্রমুখের সমালোচনার জবাবে শিক্ষামন্ত্রী আরও বলেন, অতীতের যে কোন সময়ের তুলনায় দেশের বিশ্ববিদ্যালয়গুলোর পরিস্থিতি এখন অনেক ভাল। অতীতের ২১ বছরের মতো অস্ত্রের ঝনঝনানি, রক্তপাত থেকে ক্যাম্পাস এখন মুক্ত, কিছুদিন পূর্ব পর্যন্তও বিভিন্ন ক্যাম্পাসে যেসব ঘটনা ঘটেছে তা আগের সরকারের নিযুক্ত উপাচার্যদের আমলেও ঘটেছে। শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার গোটা শিক্ষা ব্যবস্থার সংস্কারের লক্ষ্যে নতুন শিক্ষানীতি প্রণয়ন করতে যাচ্ছে। শিক্ষা ব্যবস্থা উন্নত করা ছাড়াও বিশ্ববিদ্যালয়গুলো থেকে সন্ত্রাস, দুর্নীতি ও দলীয়করণ নির্মূল করাও এ সরকারের লক্ষ্য এবং সরকার তা করতে বদ্ধপরিকর।